



আল হাদীদ

AlHadid

الْحَدِيد

পরম করুণাময় ও অসিম
দয়ালু আল্লাহর নামে শুরু
করছি

In the name of Allah,
Most Gracious, Most
Merciful.

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

1. নভোমন্ডল ও ভূমন্ডলে
যা কিছু আছে, সবাই
আল্লাহর পবিত্রতা ঘোষণা
করে। তিনি শক্তিধর;
প্রজ্ঞাময়।

1. Glorifies Allah
whatever is in the
heavens and the earth.
And He is the All
Mighty, the All Wise.

سَبَّحَ لِلَّهِ مَا فِي السَّمَوَاتِ وَالْأَرْضِ
وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿١﴾

2. নভোমন্ডল ও
ভূমন্ডলের রাজত্ব তাঁরই।
তিনি জীবন দান করেন ও
মৃত্যু ঘটান। তিনি সবকিছু
করতে সক্ষম।

2. His is the dominion
of the heavens and the
earth. He gives life
and causes death, and
He has power over all
things.

لَهُ مُلْكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ يُحْيِي
وَيُمِيتُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ
قَدِيرٌ ﴿٢﴾

3. তিনিই প্রথম, তিনিই
সর্বশেষ, তিনিই প্রকাশমান
ও অপ্রকাশমান এবং তিনি
সব বিষয়ে সম্যক
পরিজ্ঞাত।

3. He is the First,
and the Last, and the
Manifest, and the
Intimate. And He is
Knower of all things.

هُوَ الْأَوَّلُ وَالْآخِرُ وَالظَّاهِرُ
وَالْبَاطِنُ وَهُوَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٣﴾

4. তিনি নভোমন্ডল ও ভূ-
মন্ডল সৃষ্টি করেছেন
ছয়দিনে, অতঃপর আরশের
উপর সমাসীন হয়েছেন।
তিনি জানেন যা ভূমিতে
প্রবেশ করে ও যা ভূমি

4. It is He who
created the heavens
and the earth in six
days, then ascended
above the Throne. He
knows what goes into
the earth and what

هُوَ الَّذِي خَلَقَ السَّمَوَاتِ
وَالْأَرْضَ فِي سِتَّةِ أَيَّامٍ ثُمَّ اسْتَوَى
عَلَى الْعَرْشِ يَعْلَمُ مَا يَلِجُ فِي
الْأَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا يَنْزِلُ

থেকে নির্গত হয় এবং যা আকাশ থেকে বর্ষিত হয় ও যা আকাশে উখিত হয়। তিনি তোমাদের সাথে আছেন তোমরা যেখানেই থাক। তোমরা যা কর, আল্লাহ তা দেখেন।

comes out of it, and what comes down from the heaven and what goes up into it. And He is with you wherever you may be. And Allah is Seer of what you do.

مِنَ السَّمَاءِ وَمَا يَعْرُجُ فِيهَا وَهُوَ
مَعَكُمْ أَيْنَ مَا كُنْتُمْ وَاللَّهُ بِمَا
تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٤﴾

5. নভোমন্ডল ও ভূমন্ডলের রাজত্ব তাঁরই। সবকিছু তাঁরই দিকে প্রত্যাবর্তন করবে।

5. His is the dominion of the heavens and the earth. And unto Allah all matters are brought back.

لَهُ مُلْكُ السَّمَوَاتِ وَالْأَرْضِ
وَإِلَى اللَّهِ تُرْجَعُ الْأُمُورُ ﴿٥﴾

6. তিনি রাত্ৰিকে দিবসে প্রবিষ্ট করেন এবং দিবসকে প্রবিষ্ট করেন রাত্ৰিতে। তিনি অন্তরের বিষয়াদি সম্পর্কেও সম্যক জ্ঞাত।

6. He causes to enter the night into the day and causes to enter the day into the night. And He is Knower of what is in the breasts.

يُوجِبُ اللَّيْلَ فِي النَّهَارِ وَ يُوجِبُ
النَّهَارَ فِي اللَّيْلِ وَهُوَ عَلِيمٌ بِذَاتِ
الصُّدُورِ ﴿٦﴾

7. তোমরা আল্লাহ ও তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন কর এবং তিনি তোমাদেরকে যার উত্তরাধিকারী করেছেন, তা থেকে ব্যয় কর। অতএব, তোমাদের মধ্যে যারা বিশ্বাস স্থাপন করে ও ব্যয় করে, তাদের জন্যে রয়েছে মহাপুরস্কার।

7. Believe in Allah and His Messenger and spend of that He has made you successor whereof. So those who believe among you and spend, for them is a great reward.

آمِنُوا بِاللَّهِ وَرَسُولِهِ وَأَنْفِقُوا مِمَّا
جَعَلَكُمْ مُسْتَخْلَفِينَ فِيهِ
فَالَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَأَنْفَقُوا
لَهُمْ أَجْرٌ كَبِيرٌ ﴿٧﴾

8. তোমাদের কি হল যে, তোমরা আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন করছ না, অথচ রসূল তোমাদেরকে

8. And what is (the matter) with you that you do not believe in Allah, while the

وَمَا لَكُمْ لَا تُؤْمِنُونَ بِاللَّهِ وَ
الرَّسُولِ يُدْعُوكُمْ لِيُؤْمِنُوا

তোমাদের পালনকর্তার প্রতি বিশ্বাস স্থাপন করার দাওয়াত দিচ্ছেন? আল্লাহ তো পূর্বেই তোমাদের অঙ্গীকার নিয়েছেন-যদি তোমরা বিশ্বাসী হও।

Messenger is inviting you to believe in your Lord, and indeed He has taken a covenant with you, if you are believers.

بِرَبِّكُمْ وَقَدْ أَخَذَ مِيثَاقَكُمْ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ ﴿٨﴾

9. তিনিই তাঁর দাসের প্রতি প্রকাশ্য আয়াত অবতীর্ণ করেন, যাতে তোমাদেরকে অন্ধকার থেকে আলোকে আনয়ন করেন। নিশ্চয় আল্লাহ তোমাদের প্রতি করুণাময়, পরম দয়ালু।

9. It is He who sends down upon His servant manifest verses that he may bring you out from darkness into the light. And indeed, Allah is to you Most Kind, Most Merciful.

هُوَ الَّذِي يُنَزِّلُ عَلَىٰ عَبْدِهِ آيَاتٍ بَيِّنَاتٍ لِّيُخْرِجَكُم مِّنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ وَإِنَّ اللَّهَ بِكُمْ لَرَءُوفٌ رَّحِيمٌ ﴿٩﴾

10. তোমাদেরকে আল্লাহর পথে ব্যয় করতে কিসে বাধা দেয়, যখন আল্লাহই নভোমন্ডল ও ভূমন্ডলের উত্তরাধিকারী? তোমাদের মধ্যে যে মক্কা বিজয়ের পূর্বে ব্যয় করেছে ও জেহাদ করেছে, সে সমান নয়। এরূপ লোকদের মর্যদা বড় তাদের অপেক্ষা, যার পরে ব্যয় করেছে ও জেহাদ করেছে। তবে আল্লাহ উভয়কে কল্যাণের ওয়াদা দিয়েছেন। তোমরা যা কর, আল্লাহ সে সম্পর্কে সম্যক জ্ঞাত।

10. And what is (the matter) with you that you do not spend in the cause of Allah. And to Allah belongs the heritage of the heavens and the earth. Not equal among you are those who spent before the victory (of Makkah) and fought. Such are higher in rank than those who spent afterwards and fought. And to all Allah has made good promises. And Allah is Knower of whatever you do.

وَمَا لَكُمْ أَلَّا تُنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلِلَّهِ مِيرَاتُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ لَا يَسْتَوِي مِنْكُمْ مَنْ أَنْفَقَ مِنْ قَبْلِ الْفَتْحِ وَقَاتَلَ أُولَٰئِكَ أَعْظَمُ دَرَجَةً مِنَ الَّذِينَ أَنْفَقُوا مِنْ بَعْدُ وَقَاتَلُوا وَكُلًّا وَعَدَ اللَّهُ الْحُسْنَىٰ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ خَبِيرٌ ﴿١٠﴾

11. কে সেই ব্যক্তি, যে আল্লাহকে উত্তম ধার দিবে,

11. Who is it that will lend to Allah a

مَنْ ذَا الَّذِي يُقْرِضُ اللَّهَ قَرْضًا

এরপর তিনি তার জন্যে তা
বহুগুণে বৃদ্ধি করবেন এবং
তার জন্যে রয়েছে
সম্মানিত পুরস্কার।

goodly loan, then He
may double it for
him, and for him is a
noble reward.

حَسَنًا فَيُضِعِفَهُ لَهُ وَلَهُ أَجْرٌ
كَرِيمٌ ﴿١١﴾

12. যেদিন আপনি
দেখবেন ঈমানদার পুরুষ
ও ঈমানদার নারীদেরকে,
তাদের সম্মুখ ভাগে ও
ডানপাশে তাদের জ্যোতি
ছুটোছুটি করবে বলা হবে:
আজ তোমাদের জন্যে
সুসংবাদ জান্নাতের, যার
তলদেশে নদী প্রবাহিত,
তাতে তারা চিরকাল
থাকবে। এটাই মহাসফল্য।

12. On the Day you
will see the believing
men and the believing
women, their light
running forward before
them and on their
right, (it will be said)
good news for you this
day (of) Gardens
underneath of which
rivers flow, to abide
therein. That is the
great success.

يَوْمَ تَرَى الْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ
يَسْعَى نُورُهُمْ بَيْنَ أَيْدِيهِمْ
وَبِأَيْمَانِهِمْ بُشْرَاكُمُ الْيَوْمَ
جَنَّاتٌ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ
خَالِدِينَ فِيهَا ذَلِكَ هُوَ الْفَوْزُ
الْعَظِيمُ ﴿١٢﴾

13. যেদিন কপট বিশ্বাসী
পুরুষ ও কপট বিশ্বাসিনী
নারীরা মুমিনদেরকে
বলবে: তোমরা আমাদের
জন্যে অপেক্ষা কর,
আমরাও কিছু আলো নিব
তোমাদের জ্যোতি থেকে।
বলা হবে: তোমরা পিছনে
ফিরে যাও ও আলোর খোঁজ
কর। অতঃপর উভয় দলের
মাঝখানে খাড়া করা হবে
একটি প্রাচীর, যার একটি
দরজা হবে। তার অভ্যন্তরে
থাকবে রহমত এবং বাইরে
থাকবে আযাব।

13. On the Day the
hypocrite men and the
hypocrite women will
say to those who
believed: “Wait for us
so we may borrow
from your light.” It
will be said: “Return
behind you then seek
light.” Then a wall
shall be set up between
them with a gate in it.
Inside of it will be
mercy and outside of it
from its front will be
the punishment.

يَوْمَ يَقُولُ الْمُنْفِقُونَ وَالْمُنْفِقَاتُ
لِلَّذِينَ آمَنُوا انظُرُونَا نَقْتَبِسْ
مِنْ نُورِكُمْ قِيلَ ارْجِعُوا
وَرَاءَكُمْ فَالْتَمِسُوا نُورًا
فَضُرِبَ بَيْنَهُمْ بِسُورٍ لَهُ بَابٌ
بَاطِنُهُ فِيهِ الرَّحْمَةُ وَظَاهِرُهُ مِنْ
قِبَلِهِ الْعَذَابُ ﴿١٣﴾

14. তারা মুমিনদেরকে ডেকে বলবে: আমরা কি তোমাদের সাথে ছিলাম না? তারা বলবে: হ্যাঁ, কিন্তু তোমরা নিজেরাই নিজেদেরকে বিপদগ্রস্ত করেছ। প্রতীক্ষা করেছ, সন্দেহ পোষণ করেছ এবং অলীক আশার পেছনে বিভ্রান্ত হয়েছ, অবশেষে আল্লাহর আদেশ পৌঁছেছে। এই সবই তোমাদেরকে আল্লাহ সম্পর্কে প্রতারণিত করেছে।

15. অতএব, আজ তোমাদের কাছ থেকে কোন মুক্তিপন গ্রহণ করা হবে না। এবং কাফেরদের কাছ থেকেও নয়। তোমাদের সবার আবাসস্থল জাহান্নাম। সেটাই তোমাদের সঙ্গী। কতই না নিকৃষ্ট এই প্রত্যাবর্তন স্থল।

16. যারা মুমিন, তাদের জন্যে কি আল্লাহর স্মরণে এবং যে সত্য অবতীর্ণ হয়েছে, তার কারণে হৃদয় বিগলিত হওয়ার সময় আসেনি? তারা তাদের মত যেন না হয়, যাদেরকে পূর্বে কিতাব দেয়া হয়েছিল।

14. They will call to them: "Were we not with you." They will say: "Yes, but you led yourselves into temptation, and you awaited, and you doubted, and wishful thinking deluded you until Allah's command came, and the deceiver (Satan) deceived you about Allah."

15. So today, no ransom shall be accepted from you, nor from those who disbelieved. Your abode is the Fire. That will be your patron. And worst is the destination.

16. Has the time not come for those who believe that their hearts should submit humbly for the remembrance of Allah and what has come down of the truth, and they should not be like

يَتَادُوهُمْ أَلَمْ نَكُنْ مَعَكُمْ قَالُوا
بَلَىٰ وَلَكِنَّكُمْ فَتَنْتُمْ أَنْفُسَكُمْ وَ
تَرَبَّصْتُمْ وَارْتَبْتُمْ وَغَرَّتْكُمُ
الْأَمَانِيُّ حَتَّىٰ جَاءَ أَمْرُ اللَّهِ وَ
غَرَّكُمْ بِاللَّهِ الْغُرُورُ ﴿١٤﴾

فَالْيَوْمَ لَا يُؤْخَذُ مِنْكُمْ فِدْيَةٌ
وَلَا مِنَ الَّذِينَ كَفَرُوا مَأْوَاكُمْ
النَّارُ هِيَ مَوْلَاكُمْ وَبِئْسَ
الْمَصِيرُ ﴿١٥﴾

أَلَمْ يَأْنِ لِلَّذِينَ آمَنُوا أَنْ تَخْشَعَ
قُلُوبُهُمْ لِذِكْرِ اللَّهِ وَمَا نَزَلَ مِنَ
الْحَقِّ وَلَا يَكُونُوا كَالَّذِينَ أُوتُوا
الْكِتَابَ مِنْ قَبْلُ فَطَالَ عَلَيْهِمُ
الْأَمَدُ فَقَسَتْ قُلُوبُهُمْ وَكَثِيرٌ

তাদের উপর সুদীর্ঘকাল
অতিক্রান্ত হয়েছে, অতঃপর
তাদের অন্তঃকরণ কঠিন
হয়ে গেছে। তাদের
অধিকাংশই পাপাচারী।

those who were given
the Scripture before,
then long ages passed
over them so their
hearts became
hardened. And many
among them are
disobedient.

مِنْهُمْ فَسِقُونَ ﴿١١﴾

17. তোমরা জেনে রাখ,
আল্লাহই ভূ-ভাগকে তার
মৃত্যুর পর পুনরুজ্জীবিত
করেন। আমি
পরিষ্কারভাবে তোমাদের
জন্যে আয়াতগুলো ব্যক্ত
করেছি, যাতে তোমরা
বোঝা।

17. Know that Allah
gives life to the earth
after its death. Indeed,
We have made clear
for you the signs, that
you may understand.

إِعْلَمُوا أَنَّ اللَّهَ يُحْيِي الْأَرْضَ بَعْدَ
مَوْتِهَا قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ لَعَلَّكُمْ
تَعْقِلُونَ ﴿١٧﴾

18. নিশ্চয় দানশীল ব্যক্তি
ও দানশীলা নারী, যারা
আল্লাহকে উত্তমরূপে ধার
দেয়, তাদেরকে দেয়া হবে
বহুগুণ এবং তাদের জন্যে
রয়েছে সম্মানজনক
পুৰস্কার।

18. Indeed, the men
who give charity, and
the women who give
charity, and lend to
Allah a goodly loan, it
will be multiplied for
them, and for them is a
noble reward.

إِنَّ الْمَصَدِّقِينَ وَالْمَصَدِّقَاتِ
وَأَقْرَضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا
يُضْعَفُ لَهُمْ وَهُمْ أَجْرُهُ
كَرِيمٌ ﴿١٨﴾

19. আর যারা আল্লাহ ও
তাঁর রসূলের প্রতি বিশ্বাস
স্থাপন করে তারাই তাদের
পালনকর্তার কাছে সিদ্দীক
ও শহীদ বলে বিবেচিত।
তাদের জন্যে রয়েছে
পুৰস্কার ও জ্যোতি এবং
যারা কাকের ও আমার
নিদর্শন অস্বীকারকারী

19. And those who
believe in Allah and
His Messengers, those
are they who are the
most truthful, and the
witnesses with their
Lord. For them is their
reward and their light.
And those who
disbelieve and deny

وَالَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرُسُلِهِ
أُولَئِكَ هُمُ الصِّدِّيقُونَ
وَالشُّهَدَاءُ عِنْدَ رَبِّهِمْ لَهُمْ
أَجْرُهُمْ وَنُورُهُمْ وَالَّذِينَ
كَفَرُوا وَكَذَّبُوا بِآيَاتِنَا أُولَئِكَ

তারাই জাহান্নামের
অধিবাসী হবে।

20. তোমরা জেনে রাখ,
পার্থিব জীবন ক্রীড়া-
কৌতুক, মাজ-সজ্জা,
পারস্পরিক অহমিকা এবং
ধন ও জনের প্রাচুর্য ব্যতীত
আর কিছু নয়, যেমন এক
বৃষ্টির অবস্থা, যার সবুজ
ফসল কৃষকদেরকে
চমৎকৃত করে, এরপর তা
শুকিয়ে যায়, ফলে তুমি
তাকে পীতবর্ণ দেখতে পাও,
এরপর তা খড়কুটা হয়ে
যায়। আর পরকালে আছে
কঠিন শাস্তি এবং আল্লাহর
ক্ষমা ও সন্তুষ্টি। পার্থিব
জীবন প্রতারণার উপকরণ
বৈ কিছু নয়।

21. তোমরা অগ্রে ধাবিত
হও তোমাদের পালনকর্তার
ক্ষমা ও সেই জান্নাতের
দিকে, যা আকাশ ও
পৃথিবীর মত প্রশস্ত। এটা
প্রস্তুত করা হয়েছে আল্লাহ ও
তাঁর রসূলগণের প্রতি
বিশ্বাসস্থাপনকারীদের
জন্যে। এটা আল্লাহর কৃপা,
তিনি যাকে ইচ্ছা, এটা দান
করেন। আল্লাহ মহান

Our revelations, they
are the dwellers of Hell.

20. Know that the
life of this world is
only play, and idle
talk, and adornment,
and boasting among
you, and rivalry in
increase of wealth and
children. Like the
example of rain whose
(resulting) vegetation
pleases the tillers, then
it dries, then you see it
turned yellow, then it
becomes straw. And in
the Hereafter is severe
punishment, and
forgiveness from Allah,
and (His) good pleasure.
And the life of the
world is nothing but a
deceiving enjoyment.

21. Race one with
another towards
forgiveness from your
Lord and a Garden
whose width is like the
width of the heavens
and the earth,
prepared for those
who believe in Allah
and His messengers.
Such is the bounty of
Allah, which He
bestows upon whom

أَصْحَابُ الْجَحِيمِ ﴿١١﴾

إِعْلَمُوا أَنَّمَا الْحَيَاةُ الدُّنْيَا لَعِبٌ
وَلَهُمْ زِينَةٌ وَتَفَاخُرٌ بَيْنَكُمْ
وَتَكَاثُرٌ فِي الْأَمْوَالِ وَالْأَوْلَادِ
كَمَثَلٍ غَيْثٍ أَعْجَبَ الْكُفَّارَ
نَبَاتُهُ ثُمَّ يَهَيِّجُ فَتَرَاهُ مُصْفَرًّا ثُمَّ
يَكُونُ حُطَمًا وَفِي الْآخِرَةِ عَذَابٌ
شَدِيدٌ وَمَغْفِرَةٌ مِّنَ اللَّهِ
وَرِضْوَانٌ وَمَا الْحَيَاةُ الدُّنْيَا إِلَّا
مَتَاعُ الْغُرُورِ ﴿١٢﴾

سَابِقُونَ إِلَىٰ مَغْفِرَةٍ مِّنَ رَبِّكُمْ
وَجَنَّةٍ عَرْضُهَا كَعَرْضِ السَّمَاءِ
وَ الْأَرْضِ أُعِدَّتْ لِلَّذِينَ آمَنُوا
بِاللَّهِ وَرُسُلِهِ ذَٰلِكَ فَضْلُ اللَّهِ
يُؤْتِيهِ مَن يَشَاءُ وَاللَّهُ ذُو الْفَضْلِ
الْعَظِيمِ ﴿١٣﴾

কৃপার অধিকারী।

He wills, and Allah is of infinite bounty.

22. পৃথিবীতে এবং ব্যক্তিগতভাবে তোমাদের উপর কোন বিপদ আসে না; কিন্তু তা জগত সৃষ্টির পূর্বেই কিতাবে লিপিবদ্ধ আছে। নিশ্চয় এটা আল্লাহর পক্ষে সহজ।

22. Does not befall any affliction upon the earth, nor in your own selves, except that it is in a Book before that We bring it into being. Indeed, that is easy for Allah.

مَا أَصَابَ مِنْ مُصِيبَةٍ فِي الْأَرْضِ وَلَا فِي أَنْفُسِكُمْ إِلَّا فِي كِتَابٍ مِّن قَبْلِ أَنْ نَبْرَأَهَا إِنَّ ذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ ﴿٢٢﴾

23. এটা এজন্যে বলা হয়, যাতে তোমরা যা হারাও তজ্জন্যে দুঃখিত না হও এবং তিনি তোমাদেরকে যা দিয়েছেন, তজ্জন্যে উল্লসিত না হও। আল্লাহ কোন উদ্ধত অহংকারীকে পছন্দ করেন না,

23. That you are not despaired over what you may lose, nor exult over that which has been given to you. And Allah does not love all arrogant, boastful.

لِكَيْلَا تَأْسَوْا عَلَىٰ مَا فَاتَكُمْ وَلَا تَفْرَحُوا بِمَا آتَاكُمْ وَاللَّهُ لَا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُورٍ ﴿٢٣﴾

24. যারা কৃপণতা করে এবং মানুষকে কৃপণতার প্রতি উৎসাহ দেয়, যে মুখ ফিরিয়ে নেয়, তার জানা উচিত যে, আল্লাহ অভাবমুক্ত, প্রশংসিত।

24. Those who are misers and enjoin upon people miserliness. And whoever turns away, then indeed Allah is All Sufficient, All Praiseworthy.

الَّذِينَ يَيَّخُلُونَ وَيَأْمُرُونَ النَّاسَ بِالْبُخْلِ وَمَنْ يَتَوَلَّ فَإِنَّ اللَّهَ هُوَ الْعَنِيُّ الْحَمِيدُ ﴿٢٤﴾

25. আমি আমার রসূলগণকে সুস্পষ্ট নিদর্শনসহ প্রেরণ করেছি এবং তাঁদের সাথে অবতীর্ণ করেছি কিতাব ও ন্যায়নীতি, যাতে মানুষ ইনসারফ প্রতিষ্ঠা করে। আর আমি নামিল করেছি লৌহ,

25. Indeed, We sent Our messengers with clear signs, and We sent down with them the Scripture and the balance so that the people may stand by justice. And We sent down iron, wherein is

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِالْبَيِّنَاتِ وَأَنْزَلْنَا مَعَهُمُ الْكِتَابَ وَالْمِيزَانَ لِيَقُومَ النَّاسُ بِالْقِسْطِ وَأَنْزَلْنَا الْحَدِيدَ فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَافِعُ

যাতে আছে প্রচলিত রণশক্তি
এবং মানুষের বহুবিধ
উপকার। এটা এজন্যে যে,
আল্লাহ জেনে নিবেন কে না
দেখে তাঁকে ও তাঁর
রসূলগণকে সাহায্য করে।
আল্লাহ শক্তিধর,
পরাক্রমশালী।

great strength and
benefits for the people.
And that Allah may
know who helps Him
and His messengers
unseen. Indeed, Allah
is All Strong, All
Mighty.

لِلنَّاسِ وَلِيَعْلَمَ اللَّهُ مَنْ يَنْصُرُهُ وَ
رُسُلَهُ بِالْغَيْبِ إِنَّ اللَّهَ قَوِيٌّ
عَزِيزٌ ﴿٢٦﴾

26. আমি নূহ ও ইব্রাহীমকে
রসূলরূপে প্রেরণ করেছি
এবং তাদের বংশধরের
মধ্যে নবুওয়ত ও কিতাব
অব্যাহত রেখেছি। অতঃপর
তাদের কতক সংপথপ্রাপ্ত
হয়েছে এবং অধিকাংশই
হয়েছে পাপাচারী।

26. And indeed We
sent Noah and
Abraham, and We
placed in the progeny
of them both the
prophethood and the
Scripture. So among
them is he who is
guided, but many of
them are disobedient.

وَلَقَدْ أَرْسَلْنَا نُوحًا وَ إِبْرَاهِيمَ
وَجَعَلْنَا فِي ذُرِّيَّتِهِمَا النُّبُوَّةَ
وَالْكِتَابَ فَمِنْهُمْ مُهْتَدٍ وَكَثِيرٌ
مِنْهُمْ فَسِقُونَ ﴿٢٦﴾

27. অতঃপর আমি তাদের
পশ্চাতে প্রেরণ করেছি
আমার রসূলগণকে এবং
তাদের অনুগামী করেছি
মরিয়ম তনয় ঈসাকে ও
তাকে দিয়েছি ইঞ্জিল। আমি
তার অনুসারীদের অন্তরে
স্থাপন করেছি নম্রতা ও
দয়া। আর বৈরাগ্য, সে তো
তারা নিজেরাই উদ্ভাবন
করেছে; আমি এটা তাদের
উপর ফরজ করিনি; কিন্তু
তারা আল্লাহর সন্তুষ্টি
লাভের জন্যে এটা অবলম্বন
করেছে। অতঃপর তারা

27. Then We caused to
follow in their footsteps
Our messengers, and
We caused to follow
Jesus, son of Mary,
and We gave him the
Gospel, and We placed
in the hearts of those
who followed him
compassion and mercy.
And monasticism, they
innovated it. We did
not ordain it for them,
but (they did so for)
seeking the pleasure of
Allah. Then they did

ثُمَّ تَقَفْنَا عَلَىٰ آثَارِهِمْ بِرُسُلِنَا
وَقَفَيْنَا بِعِيسَى ابْنِ مَرْيَمَ وَآتَيْنَاهُ
الْإِنْجِيلَ وَجَعَلْنَا فِي قُلُوبِ الَّذِينَ
اتَّبَعُوهُ رَأْفَةً وَرَحْمَةً ۗ وَرَهْبَانِيَّةً
أَبْتَدَعُوهَا مَا كَتَبْنَاهَا عَلَيْهِمْ إِلَّا
ابْتِغَاءَ رِضْوَانِ اللَّهِ فَمَا رَعَوْهَا
حَقَّ رِعَايَتِهَا فَآتَيْنَا الَّذِينَ آمَنُوا
مِنْهُمْ أَجْرَهُمْ وَكَثِيرٌ مِنْهُمْ

যথাযথভাবে তা পালন করেনি। তাদের মধ্যে যারা বিশ্বাসী ছিল, আমি তাদেরকে তাদের প্রাপ্য পুরস্কার দিয়েছি। আর তাদের অধিকাংশই পাপাচারী।

not observe it with its right observance. So we gave those who had believed among them their reward. And many of them are disobedient.

فَسَقُونَ ﴿٧﴾

28. মুমিনগণ, তোমরা আল্লাহকে ভয় কর এবং তাঁর রসূলের প্রতি বিশ্বাস স্থাপন কর। তিনি নিজে অনুগ্রহের দ্বিগুণ অংশ তোমাদেরকে দিবেন, তোমাদেরকে দিবেন জ্যোতি, যার সাহায্যে তোমরা চলবে এবং তোমাদেরকে ক্ষমা করবেন। আল্লাহ ক্ষমাশীল, দয়াময়।

28. O you who believe, fear Allah and believe in His Messenger, He will grant you twofold of His mercy, and He will appoint for you a light by which you will walk, and He will forgive you. And Allah is All Forgiving, All Merciful.

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا اتَّقُوا اللَّهَ
وَأْمِنُوا بِرَسُولِهِ يُؤْتِكُمْ كِفْلَيْنِ
مِنْ رَحْمَتِهِ وَيَجْعَلْ لَكُمْ نُورًا
تَمْشُونَ بِهِ وَيَغْفِرْ لَكُمْ وَاللَّهُ
غَفُورٌ رَحِيمٌ ﴿٢٨﴾

29. যাতে কিতাবধারীরা জানে যে, আল্লাহর সামান্য অনুগ্রহের উপর ও তাদের কোন ক্ষমতা নেই, দয়া আল্লাহরই হাতে; তিনি যাকে ইচ্ছা, তা দান করেন। আল্লাহ মহা অনুগ্রহশীল।

29. So that the people of the Scripture may know that they do not have any power on anything over the bounty of Allah, and that the bounty is in the hand of Allah, which He bestows to whomever He wills, And Allah is of infinite bounty.

لَعَلَّآ يَعْلَمَ أَهْلُ الْكِتَابِ أَلَّا
يَقْدِرُونَ عَلَى شَيْءٍ مِّنْ فَضْلِ اللَّهِ
وَأَنَّ الْفَضْلَ بِيَدِ اللَّهِ يُؤْتِيهِ مَنْ
يَشَاءُ وَاللَّهُ ذُو الْفَضْلِ
الْعَظِيمِ ﴿٢٩﴾

